✕

### চার কারণে স্কুলে শিক্ষার্থী কমছে

# প্রণোদনামূলক কর্মসূচি নিতে হবে

আমাদের দেশে শিক্ষার্থী যারা ঝরে পড়ে, অনুসন্ধান করলে তাদের বিচিত্র সংকট সম্পর্কে জানা যায়। সব সংকটের মূলে অর্থাভাব। সম্প্রতি সরকারের শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) এক তথ্যে জানা গেছে, দেশের স্কুলগুলোতে শিক্ষার্থীর সংখ্যা কমছে এবং মাদ্রাসায় বাড়ছে।

শিক্ষাবিদরা বলছেন, সাধারণ শিক্ষায় অতিরিক্ত ব্যয়, মাদ্রাসায় কম ব্যয়ে কিংবা বিনামূল্যে থাকা-খাওয়ার সুযোগ, সাম্প্রতিক বছরগুলোতে পরিবারগুলোতে ধর্মীয় শিক্ষার প্রতি আগ্রহ বৃদ্ধি এবং করোনা মহামারীকালে স্কুলের শিক্ষার্থীদের মাদ্রাসায় স্থানান্তরের পর আর ফিরে না আসা– এই চার কারণে মাদ্রাসায় শিক্ষার্থী বাড়ছে।

বর্তমানে সরকার বড় বড় মেগা প্রকল্প নিয়ে ব্যস্ত। কিন্তু যাদের দিয়ে দেশ চলবে তাদের দিকে অতটা মনোযোগ নেই। নিম্নবিত্ত কিংবা বিত্তহীনদের দিকে সরকারের যে মনোযোগ একেবারেই নেই তা নয়।

> উন্নত রাষ্ট্রের জন্য আমাদের গণউন্নয়ন চাই। সরকারকে গণউন্নয়নমুখী হতে হবে। তারই অংশ হিসেবে শিক্ষার্থীদের ঝরে পড়া বন্ধ করতে হবে। বিশেষত, জরুরি শিক্ষা খাতের বাজেট বাড়ানো এবং শিক্ষার বিস্তারে দরিদ্রবান্ধব কর্মসূচির যথাযথ বাস্তবায়ন

কিন্তু সেটি অপ্রতুল। যে শিক্ষার্থীরা প্রতিনিয়ত ঝরে পড়ছে, তাদের বিষয়ে সরকারের কার্যকর পদক্ষেপ একেবারেই চোখে পড়ছে না।

সমাজে কিশোর অপরাধ বৃদ্ধিরও এটি একটি কারণ। যখন লেখাপড়া ও কাজ থাকে না, তখন কিশোররা বিভিন্ন অনৈতিক কাজে জড়িয়ে পড়ছে। সমাজে কিশোর মাদকাসক্তের সংখ্যাও প্রচুর। ঝরে পড়াদের মধ্যে এ প্রবণতা বেশি। কিশোর অপরাধ দূর করতে হলেও শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ করতে হবে। ঝরে পড়া শিক্ষার্থীদের ফিরিয়ে আনার কাজটি কঠিন, কিন্তু অসম্ভব নয়। বাংলাদেশে বাল্য বয়সে বিয়ে হয়েছে, এমন মেয়ের উচ্চশিক্ষা লাভের ঘটনা কম নয়। সে ক্ষেত্রে পরিবারের সদস্যদের সহযোগিতা যেমন প্রয়োজন, তেমনি দরকার সরকারের পক্ষ থেকে প্রণোদনা।

ঝরে পড়া ছেলে শিক্ষার্থীদের জন্যও অনুরূপ প্রণোদনামূলক কর্মসূচি নিতে হবে। তারা প্রতি মাসে কাজ করে পরিবারে যে আর্থিক সহায়তা দেয়, সমপরিমাণ অর্থও সংশ্লিষ্ট পরিবারকে ঋণ বা বৃত্তি হিসেবে দেওয়া যেতে পারে। উন্নত রাষ্ট্রের জন্য আমাদের গণউন্নয়ন চাই। সরকারকে গণউন্নয়নমুখী হতে হবে। তারই অংশ হিসেবে শিক্ষার্থীদের ঝরে পড়া বন্ধ করতে হবে। বিশেষত, জরুরি শিক্ষা খাতের বাজেট বাড়ানো এবং শিক্ষার বিস্তারে দরিদ্রবান্ধব কর্মসূচির যথাযথ বাস্তবায়ন।

শেয়ার